

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
খাসজমি-২ শাখা
পরিপত্র

তারিখ : ২৯ আষাঢ় ১৪২৯/১৩ জুলাই ২০২২

নং ৩১.০০.০০০০.০৪১.৪১.০০৮.১৪-১২৭—গত ১২ মে ১৯৯৭ তারিখের গেজেটে প্রকাশিত কৃষি
খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা-১৯৯৭ এর সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় উক্ত
নীতিমালার ৩৪.০ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির ৩৫-তম সভায়
সরকার নীতিমালার ৬.০(ঝ) অনুচ্ছেদ সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সভার সিদ্ধান্ত অনুসারে কৃষি
খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৭-এর ৬.০(ঝ) অনুচ্ছেদ নিম্নরূপে সংশোধিত হবে:

৬.০ (ঝ) কোনো পরিবারকে জমির প্রাপ্যতাসাপেক্ষে সমতল এলাকায় পরিবার প্রতি সর্বোচ্চ ০.৩৩
(শূন্য দশমিক তিন তিন) একর এবং উপকূলীয় চর অঞ্চলে পরিবার প্রতি সর্বোচ্চ ০.৫০ (শূন্য দশমিক পাঁচ
শূন্য) একর পর্যন্ত জমি ভূমিহীনদের বন্দোবস্ত দেওয়া যাইবে। উপকূলীয় জেলাসমূহ হইল: খুলনা বাগেরহাট,
সাতক্ষীরা, পিরোজপুর, বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা, নোয়াখালী, লক্ষ্মীপুর, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ
উপজেলা এবং কক্সবাজার জেলার সদর, কুতুবদিয়া, মহেশখালী, টেকনাফ ও চকোরিয়া উপজেলা।

০২। নীতিমালার সংশোধনীটি সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো। গেজেটে প্রকাশের তারিখ
হতে এই সংশোধনী কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৫৪৯)

মূল্য : টাকা ৪.০০